



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা  
ই-মেইলঃ [khulnavathq@gmail.com](mailto:khulnavathq@gmail.com)  
Fax-041-760758

ই-মেইল/জি.ই.পি

নথি নং-৩য়/আর-এ(৮)৯/ফরচুন সু লিঃ/খুলনা/নিরীক্ষা/২০১৭/ ২২৩২

তারিখঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ

প্রেরক : কমিশনার

প্রাপক : কমিশনার

কাস্টম হাউজ, চট্টগ্রাম।

বিষয় : ব্যাংক গ্যারান্টি নিষ্পত্তিকরণ (সংশোধিত)।

- সূত্রঃ
- ১। এ দপ্তরের পত্র নং-৫/২০(১৬) এলসি-এডমিন/বন্ড লাইঃ/ফরচুন/১২(অংশ-১)/২৮৭৫(১), তারিখঃ ১৬/০৯/২০১৪ খ্রিঃ।
  - ২। ফরচুন সুজ লিঃ এর ২৪/০৮/২০১৬ খ্রিঃ তারিখের আবেদন।
  - ৩। বিভাগীয় দপ্তর, বরিশাল এর পত্র নং-৪র্থ/এ(১২)১৯/মূসক/ফরচুনসুজ/১২(অংশ-১)/৭৬০, তারিখঃ ২৫/০৯/২০১৬ খ্রিঃ।
  - ৪। এ দপ্তরের পত্র নং-৩য়/আর-এ (৮)১৮/ফরচুন সু লিঃ/নিরীক্ষা/২০১৬/৩৪৫৯, তারিখঃ ০৯/১০/২০১৬ খ্রিঃ।
  - ৫। আপনার দপ্তরের পত্র নং-৭৯২/সেক-৮(সি)/১৩-১৪/১৭৫৯, তারিখঃ ০২/০২/২০১৭ খ্রিঃ।
  - ৬। এ দপ্তরের পত্র নং-৩য়/আর-এ (৮)১৮/ফরচুন সু লিঃ/নিরীক্ষা/২০১৬/২০৭৪, তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ফরচুন সুজ লিঃ, বিসিক, কাউনিয়া, বরিশাল একটি ১০০% রপ্তানীমুখী প্রতিষ্ঠান। পন্য চালান নং-R/MATERIALS OF FOOTWEAR,L/C NO.-091014060014, B/L NO.-C-425363, DATE: 04/06/2014 BOND LICENSE NO-01/CUS/PBW/2013, DT: 24/02/2013 এর বিপরীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পন্য আমদানি করে। বন্ড লাইসেন্স এর প্রাপ্যতার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত পণ্যের উপর আরোপিত শুল্ক করাদির সমপরিমাণ টাকা ব্যাংক গ্যারান্টি নং-১৪/২০১৪, তারিখঃ ০৯/০৬/২০১৪, টাকার পরিমাণ ৫,৮৫,২২২.৩৭ (পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার দুইশত বাইশ টাকা সাইত্রিশ পয়সা) টাকা ব্যাংক গ্যারান্টি প্রদানের মাধ্যমে বর্ণিত পণ্য চালানটি চট্টগ্রাম কাস্টমস হাউস থেকে সাময়িক শুল্কায়ন করা হয়। উক্ত চালানটি ছাড় করণের সময় শর্ত ছিল যে, পরবর্তী মেয়াদের নতুন আমদানি প্রাপ্যতার সাথে উক্ত আমদানিকৃত পণ্যের পরিমাণ সমন্বয় করা সাপেক্ষে ব্যাংক গ্যারান্টি টি অবমুক্ত করা হবে।

০৩। বর্ণিত প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সের অনুকূলে প্রদত্ত পরবর্তী আমদানি প্রাপ্যতা ২৪/০২/২০১৪ খ্রিঃ হতে ২৩/০২/২০১৫ খ্রিঃ পর্যন্ত মেয়াদ হতে সূত্রোক্ত-১নং পত্রের মাধ্যমে আলোচ্য বিল অব এন্ট্রি এর কাঁচামাল সমন্বয় করা হয়েছে।

০৪। সূত্রীয়-৬নং পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যাংক গ্যারান্টি নং-১৪/২০১৪, তারিখঃ ০৯/০৬/২০১৪, টাকার পরিমাণ ৫,৮৫,২২২.৩৭ (পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার দুইশত বাইশ টাকা সাইত্রিশ পয়সা) টাকা নগদায়ন করার জন্য অনুরোধ করা হয়েছে যা সংশোধন হওয়া প্রয়োজন বলে এ দপ্তর মনে করে।

০৫। এমতাবস্থায়, বর্ণিত আমদানিকৃত পণ্য চালানের বিপরীতে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি টি [নম্বর-১৪/২০১৪, তারিখঃ ০৯/০৬/২০১৪ খ্রিঃ, টাকার পরিমাণ ৫,৮৫,২২২.৩৭ (পাঁচ লক্ষ পঁচাত্তর হাজার দুইশত বাইশ টাকা সাইত্রিশ পয়সা)] অবমুক্ত করার জন্য এ সংশোধিত পত্রটি জারী করা হলো।

৫৫

(কে এম আহিদুল আলম)  
কমিশনার

ফোন : ০৪১-৭৬২৭৩২

নথি নং-৩য়/আর-এ(৮)৯/ফরচুন সু লিঃ/খুলনা/নিরীক্ষা/২০১৭/ ২২৩২(১-২)  
অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ :

- ১। সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর, বরিশাল।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ফরচুন সুজ লিঃ, বিসিক শিল্প নগরী, কাউনিয়া, বরিশাল।

৫৫

তারিখঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ

(মোঃ জাহাঙ্গীর আলম)

সহকারী কমিশনার(সদর)